বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নম্বর: ৪৭ / ২০২২

তারিখঃ ২২ ফাল্গুন, ১৪২৮
০৭ মার্চ, ২০২২

নিয়োগ বিজ্ঞপ্তি

১। ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত বেসিক ব্যাংক লিমিটেড এর নিম্নোক্ত পদসমূহে নিয়োগের নিমিত্তে প্যানেল প্রস্তুতির জন্য প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম ও গ্রেড	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল,২০১৫)	পদ সংখ্যা	Job ID	শিক্ষাগত যোগ্যতা , পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	Deputy Manager (ICT) - Software Engineer. (গ্রেড-৬)	টা:৩৫,৫০০-৬৭,০১০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	০১টি	**10169**	Masters/B.Sc. in Computer Science/Engineering or related field with minimum 2nd Division/Class in all the examinations. Professional Qualification/Training • Experience in developing web applications with service-oriented frame work, Microservices and Rest APIs. Experience At least 03 (Three) years' experience in software development using ASP.NET MVC /ASP.NET Core, Web API, **XML,** Java Script, jQuery, Bootstrap, etc.
২।	Deputy Manager (ICT) - DC/DRS Maintenance Engineer. (গ্রেড-৬)	টা:৩৫,৫০০-৬৭,০১০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	০১টি	**10170**	M.Sc. in any subject or Masters/B.Sc. in Computer Science/ Engineering or related field with minimum 2nd Division/Class in all the examinations. Professional Qualification/Training: • Candidates must have Data Centre Foundation Certificate (DCFC) or CCNA Data Center or equivalent certification,. • Experience in maintaining and monitoring DC/DRS environment, facilities, equipment's and peripherals including high capacity power system, generator, high capacity online UPS, cabling system, security system, water detection system, temperature and humidity controlling system, fire detection /fighting /suppression system etc. Experience: At least 03 (Three) years' experience of working in IT field including 2 years' experience in data center as a data center specialist, or similar.
৩।	Assistant Manager (ICT) - Software Engineer. (গ্রেড-৯)	টা:২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	০৬টি	**10171**	Masters/B.Sc. in Computer Science /Engineering with 1st class either in B.Sc. or Master's and minimum 2nd Division/Class in all other academic examinations. Professional Qualification/Training: • Understanding of Object- Oriented Programming. • Experience in developing web applications with service-oriented framework, Microservices and Rest APIs. Experience: At least 01(one) year practical experience in software development using ASP.NET MVC / ASP.NET Core, etc.
৪।	Assistant Manager (ICT) - Network Security Specialist. (গ্রেড-৯)	টা:২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	০২টি	**10172**	Masters /B.Sc. in Computer Science/Engineering or related field with 1st class either in B.Sc. or Masters and minimum 2nd Division/Class in all other academic examinations. Professional Qualification/Training • Candidates must have CCNA/CCNA Security certification. • Practical knowledge on network security, intrusion detection /prevention, VPN (IPsec,GRE,SSL), traffic profiling, anomaly detection etc. Experience: At least 01 (one) year experience in implementing and maintaining large network infrastructure / ICT security systems.
৫।	Assistant Manager (ICT) - Database Administrator. (গ্রেড-৯)	টা:২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	০১টি	**10173**	Masters / B.Sc. in Computer Science /Engineering or related field with 1st class either in B.Sc. or Masters and minimum 2nd Division/Class in all other academic examinations. Professional Qualification/Training : • Candidates must have OCP certification in Database Administration. • Practical knowledge of Oracle latest version(s), Oracle Data Guard. • Practical knowledge of Backup and recovery (import/export,SQL*Loader, RMAN etc.) • Practical knowledge of maintaining database security and auditing. Experience: At least 01(One) year experience in Oracle database administration and experience of maintaining database in 24X7 mission critical environment.

৬।	Assistant Manager (ICT) - Hardware Engineer. (গ্রেড-৯)	টা:২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	০১টি	**10174**	Masters/B.Sc. in Computer Science/Engineering or related field with 1st class either in B.Sc. or Masters and minimum 2nd Division/Class in all other academic examinations. Professional Qua!ification/Training: • Experience in hardware maintenance , troubleshooting, repairing and servicing. • Experience as a Technical Support Engineer, Desktop SupportEngineer, IT Help Desk Technician or similar role. Experience: At least 01(One) year experience of Support Engineer, Desktop Support Engineer, IT Help Desk Technician or similar role.
৭।	Officer (ICT) - Hardware SupportEngineer. (গ্রেড-১০)	টা:১৬,০০০- ৩৮,৬৪০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	০১টি	**10175**	Masters / Four years Honours degree in any subject with one 1st Division/Class and minimum 2nd Division /C lass in all the examinations. Professional Qualification/Training: • Experience in hardware maintenance, troubleshooting, repairing and servicing. • Experience as a Technical Support Engineer , Desktop SupportEngineer, IT Help Desk Technician or similar role Experience: At least 02 (two) years' experience in hardware maintenance, troubleshooting, repairing and servicing.
৮।	Officer (ICT) – EOD Specialist. (গ্রেড-১০)	টা:১৬,০০০- ৩৮,৬৪০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	০৪টি	**10176**	Masters/Four years Honours degree in any subject with one 1st Division/Class and minimum 2nd Division /Class in all the examinations. Professional Qualification/Training : • Experience in performing EOD and related operations of any corebanking software. Experience: At least 02 (two) years' experience of working in IT field (software) including at least I years' experience in performing EOD and related operations of any core banking software deployed in centralized mode.

২। সকল পদের জন্য শিক্ষাগত যোগ্যতার মান নির্ধারনী নির্দেশনাঃ-

গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ এবং শিম/শাঃ১১/১৯- ১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণী নিম্নরূপে নির্ধারিত হবেঃ

(১) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

অর্জিত সিজিপিএ		**সমতুল্য শ্রেণী/বিভাগ**
৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে	
৩.০০ বা তদূর্ধ্ব	৩.৭৫ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ/শ্রেণী
২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয় বিভাগ/শ্রেণী

৩। **বয়স (০১/০৩/২০২২ তারিখে) ঃ**

ক) **১ (১) এবং ১ (২)** ক্রমিকস্থ **ডেপুটি ম্যানেজার** (আইসিটি) **পদের প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩৬ বছর।**

খ) ১ (৩) থেকে ১ (৬) নং ক্রমিকস্থ সহকারী ব্যবস্থাপক (আইসিটি) পদসমূহের সকল সাধারন প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর এবং বীর মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।

গ) **১ (৭) এবং ১ (৮)** ক্রমিকস্থ **অফিসার** (আইসিটি) **পদের প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩৩ বছর।**

৪। **আবেদনপত্র দাখিল এবং ফি প্রদানের শেষ তারিখ ও সময় : ২৯/০৩/২০২২ তারিখ, রাত ১১.৫৯ মি।**

৫। **Verify Payment এবং Tracking Page সংগ্রহের শেষ তারিখ ও সময় : ৩১/০৩/২০২২ তারিখ, রাত ১১.৫৯ মি।**

৬। **আবেদন ফি :** পরীক্ষার ফি অফেরতযোগ্য টাকা ২০০/- **(টাকা দুইশত মাত্র)**। ডাচ বাংলা ব্যাংক লিমিটেড এর মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস **'রকেট'** এর মাধ্যমে prepaid পদ্ধতিতে আবেদনকারীকে নিজের অথবা এজেন্ট একাউন্ট ব্যবহার করে ফি প্রদান করতে হবে।

৭। **আবেদন পদ্ধতি**

ক. **Online Registration:** কেবল বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) এ নির্ধারিত ছক পূরণের মাধ্যমে Online এ নিবন্ধনকরতঃ আবেদন করতে হবে। আবেদন দাখিলের বিস্তারিত নিয়ম ও শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে।

খ. **CV ID** Number: বাংলাদেশ ব্যাংকের সিস্টেমে ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থীদের বিদ্যমান CV ID Number এবং Password ব্যবহার করে আবেদন দাখিল করতে হবে। নতুন প্রার্থীগণ Online এ নিবন্ধন সম্পন্ন করলে একটি CV ID Number এবং Password প্রাপ্ত হবেন যা ভবিষ্যতে ব্যবহারের জন্য অবশ্যই সংরক্ষণ করতে হবে।

গ. **প্রার্থীর বিবরণ:** প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম অবশ্যই এসএসসি অথবা সমমানের সনদ অনুযায়ী Online আবেদনে লিখতে হবে।

ঘ. **প্রার্থীর বর্তমান ঠিকানা:** প্রার্থীর বর্তমান বসবাসের স্থান এবং নিয়োগ সংক্রান্ত চিঠিপত্র পেতে ইচ্ছুক ঠিকানাকে বর্তমান ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে।

ঙ. **প্রার্থীর স্থায়ী ঠিকানা:** প্রার্থীর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদে উল্লিখিত স্থায়ী ঠিকানাকে প্রার্থীর স্থায়ী ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ তাদের স্বামীর ঠিকানাকে নিজের স্থায়ী ঠিকানা হিসেবে ব্যবহার করতে পারবেন। তবে অবিবাহিত মহিলা প্রার্থীগণ আবেদন দাখিলের পরে বিবাহবন্ধনে আবদ্ধ হলে যথাযথ প্রমাণ সাপেক্ষে স্বামীর স্থায়ী ঠিকানার অনুকূলে নিজের স্থায়ী ঠিকানা পরিবর্তন করতে পারবেন।

চ. **ছবি (Photo):** ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থীগণ বিদ্যমান ছবি ব্যবহার করতে পারবেন। তবে নতুন প্রার্থীকে অবশ্যই নির্ধারিত স্থানে 600x600 pixel ও file size 100 KB এর বেশী নয় এরূপ মাপের অনধিক তিন মাস পূর্বে তোলা রঙিন ছবি (সাদা ব্যাকগ্রাউন্ড সম্বলিত) scan করে আপলোড করতে হবে। ছবি তোলার সময় মুখ ও কানের উপর আবরণ রাখা যাবে না। সাদাকালো ছবি এবং Informal ছবি আপলোড করলে সরাসরি প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

ছ. **স্বাক্ষর (Signature):** নির্ধারিত স্থানে 300x80 pixel ও file size 60 KB এর বেশী নয় এরূপ মাপের প্রার্থীর নিজের স্বাক্ষর scan করে আপলোড করতে হবে। স্বাক্ষর অবশ্যই সাদা কাগজের উপর কালো কালিতে হতে হবে।

জ. **অর্জিত ডিগ্রীর ফলাফলের তারিখ:** পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত সংশ্লিষ্ট ডিগ্রীর ফলাফল প্রকাশের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

ঝ. **বিদেশী ডিগ্রীধারী প্রার্থী:** প্রার্থী 'O' Level ও 'A' Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/শিক্ষা মন্ত্রণালয় বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণী/ বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য মৌখিক পরীক্ষার সময় চেকিং বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

ঞ. **Application Fee Payment পদ্ধতি:** আবেদন ফি'র Payment পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানতে https://erecruitment.bb.org.bd /onlineapp/rocketpreepay.pdf ওয়েবসাইটটি ভিজিট করতে হবে। প্রত্যেক পদের জন্য পৃথকভাবে ডাচ বাংলা ব্যাংক লিমিটেড এর মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস **'রকেট'** এর Prepaid Payment পদ্ধতি ব্যবহার করে ফি প্রদান করতে হবে।

Prepaid Payment পদ্ধতি: রকেট অ্যাপ্স বা ম্যানুয়াল উভয় ক্ষেত্রেই ফি প্রদানের জন্য Biller ID হিসেবে Bankers Selection Committee Secretariat অথবা 499 সিলেক্ট করতে হবে। পরবর্তীতে পর্যায়ক্রমে সংশ্লিষ্ট Job ID Number, নিজ CV ID Number এর ১ম অংশ {হাইফেনের (-) আগের অংশ}, ফি এর পরিমাণসহ প্রয়োজনীয় তথ্য ব্যবহার করে ফি প্রদান করতে হবে। ফি প্রদান করলে প্রার্থী মোবাইলের মেসেজ অপশনে একটি Transaction ID (TxnID) নম্বর পাবেন। **প্রাপ্ত TxnID নম্বরটি ব্যবহার করে প্রার্থীকে অবশ্যই পৃথকভাবে Payment Verify সম্পন্ন করতে হবে। অন্যথায় আবেদন অসম্পূর্ণ রয়ে যাবে।**

ট. **Verify Payment:** প্রার্থীগণকে ফি প্রদানের পর প্রাপ্ত TxnID বাংলাদেশ ব্যাংকের erecruitment সাইটের নির্দিষ্ট ফিল্ডে বসিয়ে Payment Verify সম্পন্ন করতে হবে। **কোনো আবেদনকারী Payment Verify সম্পন্ন না করলে পরবর্তীতে Admit card ডাউনলোড করতে পারবে না।**

ঠ. **Tracking Page সংগ্রহ :** Payment Verify সম্পন্ন হওয়ার পর প্রার্থীকে Tracking ID Number সম্বলিত একটি Tracking Page প্রদান করা হবে। Tracking Page টি ভবিষ্যতে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে। Tracking Page সংরক্ষণ করলেই কেবল প্রার্থীর আবেদন সম্পন্ন হয়েছে বলে বিবেচিত হবে। **নির্ধারিত সময়ের পরে কোনো অবস্থাতেই Tracking Page এর Duplicate Copy সরবরাহ করা হবে না।**

ড. Online আবেদনে প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী জেলা, জন্ম তারিখ, ছবি, স্বাক্ষরসহ অন্যান্য তথ্য অত্যন্ত সতর্কতার সাথে নির্ভুলভাবে পূরণ করতে হবে। আবেদনে প্রদত্ত সার্বিক তথ্য, ছবি, স্বাক্ষর ইত্যাদি verification সাপেক্ষে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে। **অসম্পূর্ণ / ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।**

৮। **প্রার্থীদেরকে Online এ আবেদনের পাশাপাশি শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত ফটোকপিসহ স্বহস্তে লিখিত আবেদনপত্র আগামী ১৩/০৪/২০২২ তারিখের মধ্যে বিএসসিএস বরাবর ডাকযোগে অথবা সরাসরি দাখিল করতে হবে।**

৯। প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের প্রবেশপত্র ও নির্বাচনী পরীক্ষার তারিখ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট ও দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশ করা হবে।

১০। প্রার্থীদেরকে প্রযোজ্য ক্ষেত্রে প্রাথমিক নির্বাচনী, লিখিত,ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১১। প্রার্থীদেরকে Online আবেদনের সময় কোনেরূপ কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে অনলাইন আবেদনে প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার দিন দাখিল করতে হবে। Online আবেদনে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইয়ান্তে কোনো substantive ত্রুটি ধরা পড়লে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না। তাছাড়া, মৌখিক পরীক্ষা শেষে প্যানেল প্রস্তুতিকালে কোনো প্রকার ত্রুটি পরিলক্ষিত হলেও প্রার্থীকে প্যানেলভুক্ত করা হবে না।

১২। চাকুরীরত প্রার্থীগণকে তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার দিন উক্ত অনুমোদনের কপি প্রদর্শন করতে হবে।

১৩। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী সর্বশেষ নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

বিশেষ দ্রষ্টব্য: শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র দাখিল, নির্ধারিত ফি প্রদান ও Payment Verify সম্পন্ন করতঃ Tracking Page টি হার্ডকপি আকারে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। ভুল Job ID বা ভুল CV ID ব্যবহারপূর্বক ফি জমা দিলে বা Payment Verify না করলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

স্বাক্ষরিত/-
(মো: সাঈদুর রহমান খান)
মহাব্যবস্থাপক ,বাংলাদেশ ব্যাংক
ও
সদস্য-সচিব, ব্যাংকার্স সিলেকশন কমিটি